01 SEP 2016

যুগান্তর

তারিখ ... 31 AUG 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪

# কোমলমতি শিক্ষার্থীদের ওপর নির্ভর করছে দেশের ভবিষ্যৎ

## —ঢাকা বিভাগীয় কমিশনার

**স্টাফ রিপোর্টার,** *সোনারগাঁ*

ঢাকা বিভাগীয় কমিশনার হেলালুদ্দীন আহমদ বলেছেন, কোমলমতি শিক্ষার্থীদের ওপর নির্ভর করছে বাংলাদেশের ভবিষ্যৎ। তাই দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানকে দুর্নীতিমুক্ত করতে সরকারের সর্বাত্মক চেষ্টা চলছে। দুর্নীতি না করার জন্য শিক্ষকদের বেতন-ভাতা বৃদ্ধি করা হয়েছে। বুধবার দুপুরে সোনারগাঁ উপজেলার সাদিপুর উচ্চ বিদ্যালয়ে দুর্নীতিবিরোধী মতবিনিময় সভা, বিতর্ক ও রচনা প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের ঢাকা বিভাগীয় কার্যালয়ের পরিচালক নাসিম আনোয়ার, নারায়ণগঞ্জ জেলা প্রশাসক আনিছুর রহমান মিঞা, দুর্নীতি দমন কমিশন সমন্বিত জেলা কার্যালয়ের (ঢাকা-২) উপ-পরিচালক মোরশেদ আলম ও সোনারগাঁ উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু নাছের ভূঁঞা।

সোনারগাঁ উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি হাছান আলী সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সাদিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুর রশিদ মোল্লা, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সহ-সভাপতি ও সাদিপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, সাদিপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক তনয় কুমার দে, ফজলুল হক, তাবারক হোসেন, জাকির হোসেন, কবির হোসেন, আবদুল আজিজ, আমির হোসেন, নেয়ামত উল্লাহ।